

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
দুর্যোগ ব্যবস্থাপনা বিভাগ
জয়পুরহাট সদর, জয়পুরহাট।

স্মারক নং-৫১.০১.৩৮৪৭.০০০.৪২.০১০.১৯.১২০

তারিখঃ ০৬/০৫/২০১৯ খ্রি.

বিষয়: ২০১৮-২০১৯ অর্থ বছরে গ্রামীণ অবকাঠামো সংস্কার (কাবিটা) কর্মসূচির আওতায় গৃহহীনদের জন্য দুর্যোগ সহনীয় বাসগৃহ নির্মাণের জন্য ইউনিয়নওয়ারী পুনঃবরাদ্দ, প্রকল্প তালিকা এবং প্রকল্প বাস্তবায়ন কমিটি দাখিল প্রসঙ্গে।

সূত্রঃ জেলা প্রশাসকের কার্যালয়, জয়পুরহাট এর স্মারক নং-৫১.০১.৩৮০০.০০০.১৪.০১৬.১৮-১৮৮, তাং-৩০/০৪/২০১৯ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকের আলোকে জানানো যাচ্ছে যে, ২০১৮-২০১৯ অর্থ বছরে গ্রামীণ অবকাঠামো সংস্কার (কাবিটা) কর্মসূচির আওতায় গৃহহীনদের জন্য দুর্যোগ সহনীয় বাসগৃহ নির্মাণের নিমিত্ত প্রতিটি ঘরের জন্য ২,৫৮,৫৩১/-টাকা হারে ২৮টি ঘরের বিপরীতে মোট=৭২,৩৮,৬৮৬/- (বাহাত্তর লক্ষ আটত্রিশ হাজার ছয় শত ছিয়াশি) টাকার বরাদ্দ পাওয়া গেছে (পত্র পৃষ্ঠা নং-১৯)। বরাদ্দকৃত ঘরের সংখ্যা গ্রামীণ অবকাঠামো সংস্কার (কাবিটা) কর্মসূচির সর্বশেষ সংশোধিত নির্দেশিকা পরিপূর্ণভাবে বিধি বিধান অনুসরণ করে ইউনিয়নওয়ারী ৫০% জনসংখ্যা এবং ৫০% আয়তনের ভিত্তিতে নিম্নবর্ণিত শর্তাবলী ও ছক মোতাবেক পুনঃবরাদ্দ প্রদান করা হলো। কাবিটা কর্মসূচির আওতায় বাছাইকৃত উপকারভোগীর তালিকা নির্ধারিত ছক মোতাবেক “ইউনিয়ন গ্রামীণ অবকাঠামো সংস্কার ও রক্ষণাবেক্ষণ কমিটি”র সভায় অনুমোদন, সভার রেজুলেশন ও প্রকল্প বাস্তবায়ন কমিটিসহ আগামী ০৯/০৫/২০১৯ খ্রি. তারিখের মধ্যে অত্রাফিসের ত্রাণ শাখায় দাখিলের জন্য অনুরোধ করা হলো।

| ক্রঃনং | ইউনিয়নের নাম | বরাদ্দকৃত ঘরের সংখ্যা | মন্তব্য |
|----------|---------------|-----------------------|---------|
| ১। | ধলাহার | ২.০০০ | |
| ২। | দোগাছি | ৪.০০০ | |
| ৩। | ভাদসা | ৫.০০০ | |
| ৪। | মোহাম্মদাবাদ | ২.০০০ | |
| ৫। | পুরানাপৈল | ৪.০০০ | |
| ৬। | আমদই | ৩.০০০ | |
| ৭। | বম্বু | ৩.০০০ | |
| ৮। | জামালপুর | ৩.০০০ | |
| ৯। | চকবরকত | ২.০০০ | |
| সর্বমোট= | | ২৮.০০০ | |

শর্তাবলীঃ-

- ১। গ্রামীণ অবকাঠামো সংস্কার (কাবিটা) কর্মসূচি এবং গৃহহীনদের জন্য নগদ টাকায় দুর্যোগ সহনীয় বাসগৃহ নির্মাণ নির্দেশিকা-২০১৯ এর বিধি বিধান পরিপূর্ণভাবে অনুসরণ করতে হবে।


- ২। উপকারভোগী নির্বাচনের ক্ষেত্রে নিম্নবর্ণিত নিয়মাবলী অনুসরণ করতে হবে।
 - ক) দরিদ্র গৃহহীন পরিবার যাদের কমপক্ষে ৮০০ বর্গফুট পরিমাণ জমি রয়েছে অথবা উক্ত পরিমাণ জমি দান/লীজ অথবা স্থানীয় প্রশাসন কর্তৃক প্রাপ্ত হয়ে থাকলে সেসকল পরিবার উক্ত কর্মসূচির আওতাভুক্ত হবেন।
 - খ) জমির সংস্থান সাপেক্ষে গৃহহীন হিজড়া, বেদে, বাউল, আদিবাসী/ক্ষুদ্র নৃগোষ্ঠী প্রভৃতি সম্প্রদায় এ কর্মসূচির আওতায় আসবে।
 - গ) গৃহহীন অস্বচ্ছল মুক্তিযোদ্ধা পরিবার, নদীভাংগনসহ বিভিন্ন প্রাকৃতিক দুর্যোগে গৃহহীন পরিবার বিধবা/তালাকপ্রাপ্তা মহিলা, প্রতিবন্ধীব্যক্তি ও পরিবারের উপার্জনক্ষম সদস্য নেই এমন পরিবার অগ্রাধিকার প্রাপ্ত হবে।
- ৩। বরাদ্দের বিপরীতে সমান সংখ্যক বিকল্প উপকারভোগী নির্বাচন করে তালিকা প্রেরণ করতে হবে।
- ৪। বাস্তবায়নামীন প্রকল্প এলাকার নির্বাচিত সদস্য/কাউন্সিলরকে প্রকল্পের সভাপতি করার ক্ষেত্রে অগ্রাধিকার দিতে হবে।
- ৫। প্রকল্প বাস্তবায়ন কমিটি কাবিখা কর্মসূচির ন্যায় সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ ৫সদস্য বিশিষ্ট কমিটি গঠন করতে হবে।
- ৬। নির্বাচিত উপকারভোগীর জমির মালিকানা সম্পর্কে সহকারী কমিশনার (ভূমি) কর্তৃক প্রত্যয়ন গ্রহণ করতে হবে।
- ৭। নির্দিষ্ট প্রাক্কলণ ও ডিজাইন অনুযায়ী ঘর নির্মাণ করতে হবে।
- ৮। নমুনা ছক অনুযায়ী প্রতিটি বাসগৃহে পাথরে খোদাই করা নামফলক বাসগৃহের দেয়ালের সন্মুখে স্থাপন করতে হবে।

চেয়ারম্যান

ধলাহার/দোগাছি/ভাদসা/মোহাম্মদাবাদ/পুরানাপৈল
/আমদই/বম্বু/জামালপুর/চকবরকত ইউনিয়ন পরিষদ,
জয়পুরহাট সদর, জয়পুরহাট।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/কার্যার্থেঃ

- ১। মাননীয় সংসদ সদস্য, নির্বাচনী এলাকা-৩৪, জয়পুরহাট-১।
- ২। জেলা প্রশাসক, জয়পুরহাট।
- ৩। জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকতা, জয়পুরহাট।
- ৪। অফিস কপি।


(মিল্টন চন্দ্র রায়)

উপজেলা নির্বাহী অফিসার
জয়পুরহাট সদর, জয়পুরহাট
☎ ০৫৭১-৬২২৪১

১০। উপকারভোগী নির্বাচনের জন্য প্রস্তাবিত ছক:

নিম্নবর্ণিত ছক মোতাবেক উপকারভোগীর তথ্য সংগ্রহ করতে হবে।

ছক

| | | |
|----|--|---|
| ১ | উপকারভোগীর নাম | |
| ২ | পিতা/ মাতা/স্বামী/ স্ত্রীর নাম | |
| ৩ | উপকারভোগীর পেশা | |
| ৪ | জাতীয় পরিচয় পত্র নম্বর (পরিচয় পত্রের ফটোকপি সংযুক্ত করতে হবে) | |
| ৫ | উপকারভোগীর বয়স | |
| ৬ | জমির মালিকানা দলিল | |
| ৭ | গ্রাম | |
| ৮ | ইউনিয়ন | |
| ৯ | থানা/ উপজেলা | |
| ১০ | আবেদনকারীর মোট জমির পরিমাণ | |
| ১১ | প্রস্তাবিত ভূমির তথ্য (তফশিল) | মোট জমি.....শতাংশ, দাগ নং....খতিয়ান নং.. মোজা.....জে এল নং..... ইউনিয়ন.....থানা/উপজেলা..... |
| ১২ | প্রস্তাবিত ভূমির চৌহদ্দি | পূর্বে.....পশ্চিমে..... উত্তরে.....দক্ষিণে..... |

সহকারী কমিশনার (ভূমি) কর্তৃক মালিকানা সম্পর্কে প্রত্যয়ন:
উপজেলা নির্বাহী অফিসারের অনুমোদন: